তারিখ 17 JUL 2016
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

# জঙ্গিবিরোধী বয়ানের বিরোধিতা : স্কুল শিক্ষক আটক

**প্রতিনিধি, রূপগঞ্জ (নারায়ণগঞ্জ)**

নারায়ণগঞ্জের রূপগঞ্জে জঙ্গিবিরোধী বয়ানের বিরোধিতা করায় মমতাজুর রহমান রায়হান নামে এক স্কুলশিক্ষককে গ্রেফতার করেছে পুলিশ।

শুক্রবার রাত ৯টার দিকে উপজেলার ভুলতা এলাকা থেকে ওই স্কুল শিক্ষককে গ্রেফতার করে পুলিশ। গ্রেফতারকৃত মমতাজুর রহমান রায়হান কুমিল্লার জেলার বরুলিয়া থানার বড়লক্ষ্মীপুর জয়াগ এলাকার আলী আকবরের ছেলে। তিনি স্থানীয় ভুলতা স্কুল অ্যান্ড কলেজের কৃষি বিভাগের শিক্ষক।

রূপগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ইসমাইল হোসেন জানান, সারা দেশের ন্যায় উপজেলার ভুলতা জামে মসজিদে জঙ্গিবিরোধী বয়ান করেন ইমাম সাহেব। নামাজ ও বয়ান শেষে মসজিদ থেকে বের হয়ে ইমাম সাহেবের কাছে জঙ্গিবিরোধী বয়ানের বিরোধিতা করেন স্কুল শিক্ষক মমতাজুর রহমান রায়হান। এ বিষয়টি থানা পুলিশকে অবহিত করা হলে রাত ৯টার দিকে শিক্ষক মমতাজুর রহমান রায়হানকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত স্কুল শিক্ষককে শনিবার সকালে নারায়ণগঞ্জ আদালতে পাঠানো হবে।